

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd
(পাসপোর্ট শাখা)

স্মারক নং ৫৮.০১.০০০০.২০২.৩৫.০৭২.২১.২৮৮

তারিখঃ ২৯ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ১৩/১২/২০২২খ্রিঃ তারিখের পরিপত্র নং ৫৮.০০.০০০০.০৪৩.৩২.০০৭.১৭. ১৫৮ এর মাধ্যমে “বাংলাদেশের অভ্যন্তরে এবং বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকদের জাতীয় পরিচয়পত্র ও পাসপোর্টের মধ্যে তথ্যে গরমিল হলে জাতীয় পরিচয়পত্রে প্রদত্ত তথ্য (নাম, পিতা-মাতার নাম, বয়স ইত্যাদি) অনুযায়ী পাসপোর্ট রি-ইস্যু করতে হবে” মর্মে পরিপত্রে নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক পাসপোর্ট রি-ইস্যুর আবেদনসমূহ নিষ্পত্তি করা হচ্ছে। পাসপোর্ট রি-ইস্যুর আবেদন প্রক্রিয়াকরণের সময় Data Comparison Module এ NID Server এর সাথে শুধুমাত্র নাম, পিতা, মাতার নাম এবং বয়স এর সাথে সাদৃশ্য/বৈসাদৃশ্য যাচাই করা সম্ভব হয়। গ্রাহকের ছবি এবং বায়োমেট্রিক ডাটা যাচাই করা সম্ভব হয় না। এর ফলে একজনের NID দিয়ে অন্য আরেকজন ব্যক্তির পাসপোর্ট পাওয়ার সুযোগ রয়েছে। এতে আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশী পাসপোর্টের সুনাম ক্ষুণ্ণ হবে।

তাই পাসপোর্ট রি-ইস্যু জনিত আবেদন প্রক্রিয়াকরণকালে জাতীয় পরিচয় পত্র ও পূর্ববর্তী পাসপোর্টের মৌলিক তথ্যের মধ্যে গরমিল হলে অর্থ্যাৎ নিজ নাম/পিতা/মাতার নাম সম্পূর্ণ পরিবর্তন এবং পূর্ববর্তী পাসপোর্টের তথ্য গোপন/ভিন্ন ভিন্ন তথ্যে Multiple Passport Activated জাতীয় সমস্যাটির ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদনকারীর বর্তমানে বিদ্যমান NID এবং পুলিশের বিশেষ শাখা/গোয়েন্দা শাখার অনুকূল প্রতিবেদনের ভিত্তিতে পাসপোর্টের আবেদন সমূহ নিষ্পত্তির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১২/০২/২০২৩
(মোঃ সাদ্দাম হোসেন)

সহকারী পরিচালক (পাসপোর্ট)
মহাপরিচালকের পক্ষে
adpassport@passport.gov.bd

- ১। মান্যবর হাইকমিশনার/রাষ্ট্রদূত
বাংলাদেশ হাইকমিশন/মিশন
----- (সকল)।
- ২। পরিচালক/উপ-পরিচালক
বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস
----- (সকল)।
- ৩। উপ-পরিচালক/সহকারী পরিচালক
আঞ্চলিক পাসপোর্ট অফিস
----- (সকল)।

স্মারক নং- ৫৮.০১.০০০০.২০২.৩৫.০৭২.২১

তারিখঃ ২৯ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ০২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০৪। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা।
- ০৫। সিস্টেম এনালিস্ট, ডাটা সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। পরিচালক(প্রশাসন ও অর্থ/পাসঃ, ভিসা ও পরিঃ/পার্সোনাল ইজেশন সেন্টার/ই-পাসপোর্ট কমপ্লেক্স), প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। উপ-পরিচালক(প্রশাসন/পাসপোর্ট/ভিসা/অর্থ ও নিঃ/সিআই শাখা), প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০৮। উপ-পরিচালক, বেসিক চেকস ক্রিয়ারেস, ই-পাসপোর্ট কমপ্লেক্স, উত্তরা, ঢাকা।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(মাসব্য ও অর্থ/পাসঃ, ভিসা ও ইমিঃ), পরিচালক(প্রশাসন ও অর্থ/পাসঃ, ভিঃ ও পরিঃ/পার্সোনাল ইজেশন সেন্টার/ই-পাসপোর্ট কমপ্লেক্স), প্রধান কার্যালয়, ঢাকা।
- ১১। অফিস নথি।

(মোঃ সাদ্দাম হোসেন)
সহকারী পরিচালক (পাসপোর্ট)
মহাপরিচালকের পক্ষে
adpassport@passport.gov.bd